



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

শোকাবহ আগস্ট শীর্ষক আলোচনা ও স্মরণসভা অনুষ্ঠিত



০৯ আগস্ট-২০১৭, বুধবার, সকাল ১০.৩০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে শোকাবহ আগস্ট শীর্ষক এক আলোচনা ও স্মরণসভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তার পরিবারসহ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক। জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নারায়ন চন্দ্র চন্দ, উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং বাংলাদেশ আওয়ামীলীগ কার্যনির্বাহী সদস্য এডভোকেট কাজী নজিবুল্লাহ হিরু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আবদুল বাকী। এসময় বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।